

দ্বিতীয় ধাপেও কলেজ পাননি ২২ হাজার শিক্ষার্থী

অনলাইন ডেস্ক

১৭ সেপ্টেম্বর ২০২৩, ১০:২৪ পিএম



একাদশ শ্রেণিতে ভর্তিতে দ্বিতীয় ধাপে আবেদন করেও কলেজ পাননি ২২ হাজারের বেশি শিক্ষার্থী। তাদের মধ্যে রয়েছেন জিপিএ-৫ পাওয়া ২ হাজার ২৯১ জন শিক্ষার্থীও। কলেজে ভর্তি হতে তাদের ফের তৃতীয় ধাপে করতে হবে আবেদন। এর আগে প্রথম ধাপে আবেদন করেও কলেজ পাওয়া থেকে বঞ্চিত হন সাড়ে ৮ হাজার জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীসহ মোট ৪৫ হাজার আবেদনকারী।

আজ রবিবার বিষয়টি নিশ্চিত করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার জানান, কলেজ পছন্দের ক্ষেত্রে শিক্ষার্থীদের আরও সচেতন হলে এ চিত্র হতো না।

জানা গেছে, দ্বিতীয় ধাপে ২ লাখ ৯৪ হাজারের কিছু বেশি শিক্ষার্থী আবেদন করেন। তাদের মধ্যে কলেজ পেয়েছেন ২ লাখ ৭২ হাজার ৮৭০ জন। এ ধাপেও কলেজ না পাওয়া শিক্ষার্থীর সংখ্যা ২২ হাজারের বেশি। এর মধ্যে জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থী রয়েছেন ২ হাজার ২৯১ জন। জিপিএ-৫ পাওয়া এসব শিক্ষার্থীরা যদি প্রথম ধাপে বা দ্বিতীয় ধাপে আরও বেশি কলেজ পছন্দক্রমে দিতেন, তাহলে

তুলনামূলক ভালো কলেজ পেতেন বলে মনে করেন ঢাকা বোর্ডের এ কলেজ পরিদর্শক।

তিনি জানান, কিছু কলেজ আছে- যারা জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীদের নিশ্চয়তা দিয়ে জিম্মি করে রাখে। তারা অনলাইনে আবেদন প্রক্রিয়া ছাড়াই ভর্তি করিয়ে নেওয়ার প্রতিশ্রুতি দেয়। এটা কিছুতেই করতে দেওয়া হবে না। গতবারও আমরা এটা হতে দেইনি, এবারও কেউ সুযোগ পাবে না।

এদিকে, প্রথম ও দ্বিতীয় ধাপ মিলিয়ে এ পর্যন্ত একাদশ শ্রেণিতে ভর্তি প্রক্রিয়ায় রয়েছেন ১২ লাখ ৫১ হাজার ৯২৮ জন শিক্ষার্থী। এসএসসি ও সমমান পরীক্ষা উত্তীর্ণ শিক্ষার্থীর হিসেবে এখনো সাড়ে ৩ লাখের বেশি শিক্ষার্থী একাদশে ভর্তি প্রক্রিয়ার বাইরে রয়েছেন।

ভর্তির প্রথম ধাপে আবেদন করেন ১৩ লাখ ৭ হাজার শিক্ষার্থী। তাদের মধ্যে কলেজ পান ১২ লাখ ৬১ হাজার জন, আর ভর্তি হবেন বলে নিশ্চিত (নিশ্চায়ন) করেন ১০ লাখ ২৬ হাজার শিক্ষার্থী।

অন্যদিকে, দ্বিতীয় ধাপে আবেদন করেন ২ লাখ ৯৪ হাজারের মতো শিক্ষার্থী। তাদের মধ্যে কলেজ পেয়েছেন ২ লাখ ৭২ হাজার জন।

এদিকে, দ্বিতীয় ধাপে কলেজ পাওয়া শিক্ষার্থীদের নিশ্চায়ন চলছে। আজ সকাল থেকে ৩৩৫ টাকা ফি দিয়ে নিশ্চায়ন করতে পারছেন শিক্ষার্থীরা। সোমবার রাত ৮টা পর্যন্ত এ নিশ্চায়নের সুযোগ পাবেন তারা। কলেজ পেয়েও কেউ নিশ্চায়ন না করলে তার প্রাথমিক নির্বাচন বাতিল বলে বিবেচিত হবে।

তৃতীয় ধাপে আবেদন

দ্বিতীয় ধাপে কলেজ না পাওয়া শিক্ষার্থীরা তৃতীয় ধাপে আবেদনের সুযোগ পাবেন। আগামী ২০ ও ২১ সেপ্টেম্বর তৃতীয় ধাপে আবেদন নেওয়া হবে। তৃতীয় ধাপের ফল প্রকাশ করা হবে ২৩ সেপ্টেম্বর। ২৪ ও ২৫ সেপ্টেম্বর তৃতীয় ধাপের নির্বাচন নিশ্চায়নের সুযোগ দেওয়া হবে।

একাদশ শ্রেণিতে চূড়ান্ত ভর্তি শুরু হবে আগামী ২৬ সেপ্টেম্বর, যা চলবে ৫ অক্টোবর পর্যন্ত। চলতি বছর বিভিন্ন কলেজে শিক্ষার্থী ভর্তির ফি নির্ধারণ করে দিয়েছে সরকার। ভর্তির সর্বোচ্চ ফি ৮ হাজার ৫০০ টাকা। ভর্তি শেষে একাদশ শ্রেণিতে ক্লাস শুরু হবে ৮ অক্টোবর।